# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৪১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৪২]

পর্ব-১৮: ভয়কালীন সালাত (كتاب صلاة الخوف)

আরবী

أَخْبَرَنِي عِمْرَانُ بْنُ بَكَّارٍ، قال: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُبَارَكِ، قال: أَنْبَأَنَا الْهَيْثَمُ بْنُ حُمَيْدٍ، عَنِ الْعَلَاءِ، وَأَبِي أَيُّوب، عَنِالزُّهْرِيِّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، قال: صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْخَوْفِ قَامَ فَكَبَّرَ فَصَلَّى خَلْفَهُ طَائِفَةٌ مِنَّا وَطَائِفَةٌ مُوَاجِهَةَ الْعَدُوِّ فَرَكَعَ بِهِمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَةً وَسَجَدَ سَجْدَتَيْنِ، ثُمَّ انْصَرَفُوا وَلَمْ يُسَلِّمُوا وَأَقْبَلُوا عَلَى الْعَدُوِّ فَصَفُّوا مَكَانَهُمْ، وَجَاءَتِ الطَّائِفَةُ الْأُخْرَى فَصَفُّوا خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى بِهِمْ رَكْعَةً وَسَجْدَتَيْنِ، ثُمَّ سَلَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَدْ أَتَمَّ رَكْعَتَيْنِ وَأَرْبَعَ سَجَدَاتٍ، ثُمَّ قَامَتِ الطَّائِفَتَانِ فَصَلَّى كُلُّ إِنْسَانٍ مِنْهُمْ لِنَفْسِهِ رَكْعَةً وَسَجْدَتَيْنِ قَالَ: أَبُو بَكْرِ بْنُ السُّنِّيِّ الزُّهْرِيُّ سَمِعَ مِنَ ابْنِ عُمَرَ حَدِيثَيْنِ وَلَمْ يَسْمَعْ هَذَا مِنْهُ.

تخریج دارالدعوہ: انظر ما قبلہ (صحیح) (سند میں حسب سابق انقطاع ہے، نیز اس کے راوی ابو ایوب شامی‘ مجہول ہیں، لیکن رقم: ۱۵۴۰ کی سند متصل اور صحیح ہے)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1542 - صحيح لغيره

বাংলা

১৫৪১. ইমরান ইবনু বাক্কার (রহ.) ..... ‘আবদুল্লাহ ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ (সা.) (একবার) ভয়কালীন সালাত আদায় করলেন। তিনি দাঁড়ালেন ও তাকবীর বললেন। তখন তার পিছনে আমাদের একদল সালাত আদায় করল। আর অন্যদল শত্রুর মুখোমুখি। তখন রসূলুল্লাহ (সা.) তাদের নিয়ে একটি রুকূ ও দু'টি সাজদাহ করলেন। তারপর তারা ফিরে গেল কিন্তু সালাম ফিরালো না ও শত্রুর মুখোমুখি দাঁড়িয়ে গেল। আর

তাঁদের স্থানে কাতারবন্দী হয়ে গেল। আর দ্বিতীয় দল এসে গেল এবং রসূলুল্লাহ (সা.) -এর পিছনে কাতারবন্দী হয়ে দাঁড়িয়ে গেল। তখন রসূলুল্লাহ (সা.) তাঁদের নিয়ে একটি রুকূ এবং দুটি সাজদাহ্ করলেন। অতঃপর রসূলুল্লাহ (সা.) সালাম ফিরালেন। ইত্যবসরে তিনি দু'টি রুকূ এবং চারটি সাজদাহ্ পূর্ণ করে ফেললেন। তারপর উভয় দল দাঁড়িয়ে গেল এবং তাদের প্রত্যেকে নিজেদের একটি একটি রুকূ এবং দু'টি সাজদাহ্ আদায় করে নিল।

## English

It was narrated that 'Abdullah bin Umar said: The Messenger of Allah (ﷺ) offered the fear prayer. He stood and said the takbir, and a group of us prayed behind him while another group was facing the enemy. The Messenger of Allah (ﷺ) bowed once and prostrated twice with them, then they moved away but did not say the taslim. They went to face the enemy and lined up in their places, and the other group came and formed a row behind the Messenger of Allah (ﷺ), and he led them in praying, bowing once and prostrating twice. Then the Messenger of Allah (ﷺ) said the taslim and he had bowed twice and prostrated four times. Then the two groups stood up and each man prayed by himself, bowing once and prostrating twice. Abu Bakr IB As-Sunni said: Az-Zuhri heard two hadiths from Ibn 'Umar, and he did not hear this from him.

ফুটনোট

সহীহ: নাসায়ী’র “সুনানুল কুবরা" ১৯২৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90037

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন